

## খুলনা ওয়াসার নৈতিকতা কমিটির ৪র্থ ত্রৈমাসিক সভার কার্যবিবরণী

তারিখ ও সময়ঃ ০৩ এপ্রিল ২০২২ ইং, সকাল ১১:০০ মিনিট।

সভার স্থানঃ ৩০১ নং সভা কক্ষ, খুলনা ওয়াসা ভবন, খুলনা।


সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে শুভেচ্ছা প্রদান করে এবং স্বাগত বক্তব্য জানিয়ে নৈতিকতা কমিটির সভার কার্যক্রম শুরু করেন।

আলোচনার বিষয়	আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়নে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা	খুলনা ওয়াসা একটি সেবামূলক প্রতিষ্ঠান হিসেবে সেবা প্রদানের মান উন্নয়নের নিমিত্ত সুশাসন প্রতিষ্ঠায় সহায়ক হিসেবে সকল অংশীজন (stakeholders) কে সচেতন হতে হবে। সেই লক্ষ্যে খুলনা ওয়াসার অংশীজন আউটসোর্সিং প্রতিষ্ঠান (মিটার রিডিং গ্রহণ ও বিল বিতরণ কাজে নিযুক্ত) সমন্বয়ে ৪র্থ ত্রৈমাসিক এ সভা আয়োজন করতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।	সংশ্লিষ্ট আঞ্চলিক রাজস্ব কর্মকর্তা
কর্ম-পরিবেশ উন্নয়ন	সভাপতি উল্লেখ করেন যে, খুলনা ওয়াসা ভবনে মাস্ক ব্যতীত প্রবেশ নিষেধ এর নির্দেশনা যথাযথ বাস্তবায়ন করতে হবে। খুলনা ওয়াসা ভবন ও অন্যান্য আঞ্চলিক দপ্তরসমূহ যথাযথভাবে রক্ষণাবেক্ষণ ও পরিষ্কার পরিচ্ছন্ন রাখার বিষয়ে সভায় প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়।	সংশ্লিষ্ট আঞ্চলিক কর্মকর্তা
আওতাধীন আঞ্চলিক/ মাঠ পর্যায়ে কার্যালয় (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান	সভাপতি সভায় উপস্থিত সকলকে অবহিত করেন যে, খুলনা ওয়াসার দাপ্তরিক কার্যক্রম বর্তমানে অঞ্চল ক, খ, গ ও ঘ এর মাধ্যমে পরিচালিত হচ্ছে। শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী আঞ্চলিক পর্যায়ে সম্পাদিত কার্যক্রমসমূহ যথানিয়মে সম্পাদন করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।	সংশ্লিষ্ট আঞ্চলিক কর্মকর্তা
বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন	সভাপতি সভায় উপস্থিত সকলকে অবহিত করেন যে, খুলনা ওয়াসায় বাস্তবায়নাধীন “খুলনা পয়ঃনিষ্কাশন ব্যবস্থা উন্নয়ন” প্রকল্প বাস্তবায়নের জন্য যথাসময়ে প্রকল্পের অর্থ ছাড় করে যে সকল অংগ এই অর্থ বহরে বাস্তবায়ন হবে সেই বাবদ ব্যয় করার জন্য গুরুত্ব আরোপ করেন।	প্রকল্প পরিচালক, খুলনা পয়ঃনিষ্কাশন ব্যবস্থা উন্নয়ন প্রকল্প
দপ্তরের সেবামূল্য/ফিস গ্রহণের ক্ষেত্রে গৃহীত অর্থের রশিদ প্রদান নিশ্চিতকরণ	সভাপতি উল্লেখ করেন যে, আর্থিক লেন-দেনে দপ্তরের সেবা মূল্য/ফিস গ্রহণের ক্ষেত্রে গৃহীত অর্থের রশিদ প্রদান নিশ্চিত করতে হবে এবং মাসিক ভিত্তিতে রশিদের	হিসাবরক্ষণ কর্মকর্তা

৩০

আলোচনার বিষয়	আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়নে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
	মাধ্যমে গৃহিত অর্থের প্রতিবেদন দাখিল করতে হবে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।	
বকেয়া বিদ্যুৎ, পানি, টেলিফোন, ইন্টারনেট ও জ্বালানীর বিল প্রদান	সভাপতি উল্লেখ করেন যে, সরকারি সেবামূলক প্রতিষ্ঠান হিসেবে খুলনা ওয়াসার প্রধান কার্যালয়, আঞ্চলিক অফিসসমূহ, ট্রিটমেন্ট প্ল্যান্ট, ইনটেক পাম্পিং স্টেশন এবং পাম্প হাউজসমূহের বিদ্যুৎ, পানি, টেলিফোন, ইন্টারনেট ও জ্বালানীর বিল যথাসময়ে প্রদানের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়। প্রতি মাসে যথাসময়ে বিল সরবরাহ না হলে বা তার থেকে বিলম্ব হলে সংশ্লিষ্ট অফিসে যোগাযোগ করে বিল সংগ্রহ করে পরিশোধের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	উপ সহঃপ্রকৌশলী (বিদ্যুৎ)
Smart Meter Reading Apps এর মাধ্যমে সঠিক মিটার রিডিং সংগ্রহ	সভাপতি উল্লেখ করেন যে, স্মার্ট মিটার রিডিং সিস্টেম এ নির্ধারিত বিলিং সাইকেলের মধ্যে সকল গ্রাহকের মিটার পরিদর্শনপূর্বক মিটারের ছবি নতুন সিস্টেমে আপলোড করতে হবে এবং একই সাথে মিটার পরিদর্শনের ক্ষেত্রে কোন প্রতিবন্ধকতা দেখা দিলে তা তৎক্ষণাৎ সংশ্লিষ্ট কর্মকর্তাদের অবহিত করতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়। মিটারের ছবি ব্যতীত কোন রিডিং গ্রহণযোগ্য হবে না মর্মে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।	রাজস্ব শাখার সকল কর্মকর্তা, সহঃ প্রোগ্রামার

পরিশেষে, উপস্থিত সকলকে অংশগ্রহণ করার জন্য ধন্যবাদ জানিয়ে এবং সকলের সুস্থতা কামনা করে সভাপতি সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।

  
 ১০/৮/২০২২  
 ব্যবস্থাপনা পরিচালক  
 খুলনা ওয়াসা, খুলনা।

অনুলিপি :

- ১। উপব্যবস্থাপনা পরিচালক (অর্থ ও প্রশাসন) খুলনা ওয়াসা, খুলনা।
- ২। উপব্যবস্থাপনা পরিচালক (প্রকৌশল) খুলনা ওয়াসা, খুলনা।
- ৩। প্রকল্প পরিচালক, খুলনা পয়ঃনিষ্কাশন ব্যবস্থা উন্নয়ন প্রকল্প।
- ৪। বাণিজ্যিক ব্যবস্থাপক, খুলনা ওয়াসা, খুলনা।
- ৫। নির্বাহী প্রকৌশলীবৃন্দ, খুলনা ওয়াসা, খুলনা।
- ৬। নৈতিকতা কমিটির সদস্যবৃন্দ, খুলনা ওয়াসা।
- ৭। আঞ্চলিক কর্মকর্তা (ক,খ,গ,ঘ), খুলনা ওয়াসা, খুলনা।